NYC Department of Education
Carmen Fariña, Chancellor

কী প্রত্যাশিত:
প্রোমোশন এবং সামার স্কুল

স্কুলবছর ২০১৩-১৪ থেকে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (এনওয়াইসিডিওই) ৩ থেকে ৮ গ্রেডের শিক্ষার্থীদের পরবর্তী গ্রেডে প্রোমোশন প্রদানের সিদ্ধান্তে কিছু পরিবর্তনসাধিত হয়েছে। এসব পরিবর্তন নিশ্চিত করে যে, নিউ ইয়র্ক স্টেট ইংলিশ এবং ম্যাথ পরীক্ষার স্কোর শিক্ষার্থীদের প্রোমোশনের সিদ্ধান্তের ক্ষেত্রে আর কোন মুখ্য ভূমিকাপালন করবে না। এর বদলে, শিক্ষার্থীর অগ্রগতি বিভিন্ন পরিমাপের ভিত্তিতে যাচাই করে স্কুল প্রোমোশনের সিদ্ধান্ত নিয়ে থাকে- স্টেটের পরীক্ষার পাশাপাশি এর অন্তর্ভুক্ত হতে পারে তার রিপোর্ট কার্ড, রাইটিংয়ের নমুনা, প্রকল্প, মূল্যায়ন, অ্যাসাইনমেন্ট, এবং শিক্ষার্থীর অন্য কাজ। আপনার সন্তানের যদি ইনডিভিজুয়েলাইজড এডুকেশন প্ল্যান (IEP) থাকে অথবা সে যদি ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার হয়, তাহলে এই প্রক্রিয়া কীভাবে কাজ করে সেটি তার স্কুলের সাথে কথা বলে জেনে নিন।

প্রোমোশন প্রক্রিয়া এবং সময়রেখা

মে - জুনের প্রথমদিকে:
যেসকল শিক্ষার্থী তাদের সারা স্কুল বছরের কাজ এবং মূল্যায়নের ভিত্তিতে পরবর্তী গ্রেড স্তরের জন্য প্রস্তুত নয় তাদের প্রোমোশন পোর্টফোলিও স্কুল সম্পূর্ণ করে।

মধ্য-জুন:
যেসব শিক্ষার্থী প্রোমোশন পায়নি, তাদের পরিবার একটি লিখিত নোটিস পাবে যেখানে তাদের সন্তানের সামার স্কুল শুরুর তারিখ ও স্থান উল্লিখিত থাকবে।

জুন মাসের শুরুতে:
প্রিন্সিপ্যালগণ প্রত্যেক শিক্ষার্থীর পোর্টফোলিওতে প্রদর্শিত ইংরেজি ভাষা শৈলী এবং গণিতের দক্ষতার ভিত্তিতে প্রোমোশনের সুপারিশ করেন।

৮ গ্রেডের শিক্ষার্থীদেরকেও প্রোমোশনের জন্য অবশ্যই তাদের গণিত, সমাজ পাঠ, এবং সায়েন্স কোর্সগুলোতে পাস করতে হয়।

জুলাই:
যেসকল শিক্ষার্থী জুনে প্রোমোশন পায়নি তারা সামার স্কুলে অংশ নেবে।

মধ্য-অগাস্ট:
সামার স্কুলের শেষে, প্রিন্সিপ্যালগণ শিক্ষার্থীর পোর্টফোলিও এবং সামার স্কুল কাজের ভিত্তিতে সে পরবর্তী গ্রেড স্তরের জন্য প্রস্তুত কিনা সেটি দেখে প্রোমোশনের সিদ্ধান্তগ্রহণ করেন।

মধ্য-অগাস্ট:
জুন মাসে প্রোমোশন না পাওয়া শিক্ষার্থীরা ডাকযোগে প্রোমোশনের চূড়ান্ত সিদ্ধান্তের চিঠি পাবে।

অগাস্টের শেষ সপ্তাহ:
প্রিন্সিপ্যালের কাছে একটি লিখিত আপিল জমা দিয়ে পরিবারসমূহ তাদের সন্তানের উত্তীর্ণ হওয়ার সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারবে।

সেপ্টেম্বরের শুরু:
নতুন স্কুলবছরের প্রথম দিন

আমার সন্তানের স্কুলে কি আমার পরিবারের সঠিক ঠিকানাটি আছে?

আপনার সন্তান যদি জুনে প্রোমোশন না পায়, তাহলে স্কুলের ফাইলে সংরক্ষিত বাড়ির ঠিকানায় অগাস্টে প্রোমোশনের একটি চূড়ান্ত সিদ্ধান্ত ডাকযোগে আপনাকে পাঠানো হবে। আপনি চিঠি প্রাপ্তি নিশ্চিত করতে, যাচাই করুন আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ রয়েছে।

কী প্রত্যাশিত: প্রোমোশন এবং সামার স্কুল

Department of Education
Carmen Fariña, Chancellor

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

স্কুলগুলো কীভাবে প্রেমোশনের সিদ্ধান্ত নেবে?

প্রতিটি স্কুলের প্রিন্সিপ্যাল পরবর্তী গ্রেড স্তরে শিক্ষার্থীর ইংরেজি এবং গণিতের প্রস্তুতির বহুবিধ পরিমাপের ভিত্তিকে প্রোমোশনের সিদ্ধান্তগ্রহণ করে।

- প্রথমে, সহায়তালাভের পরেও পরবর্তী গ্রেডের ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস এবং/অথবা গণিতের জন্য এখনও প্রস্তুত নয় এমন শিক্ষার্থীদের শনাক্ত করার জন্য শিক্ষকগণ স্কুল বছরব্যাপী শিক্ষার্থীর কাজ পর্যালোচনা করেন। যেসকল শিক্ষার্থীর কাজ থেকে বোঝা যায় যে, তারা পরবর্তী গ্রেডের জন্য প্রস্তুত তাদেরকে জুনে প্রিন্সিপ্যাল প্রোমোশন দেয়া হয়।
- এরপর, যেসকল শিক্ষার্থীর কাজ দেখে বোঝা যায় তারা পরবর্তী গ্রেডের জন্য এখনও প্রস্তুত নয় তাদের জন্য শিক্ষকগণ প্রোমোশনের পোর্টফোলিও তৈরি করেন। শিক্ষক ডিওই-র গাইডলাইন ব্যবহার করে পোর্টফোলিও-তে স্কোর দেন। পোর্টফোলিওর ফলাফলের ভিত্তিতে প্রিন্সিপ্যাল প্রোমোশনের সিদ্ধান্ত নেন।

পোর্টফোলিও-র ফলাফলের ভিত্তিতে যদি কোন শিক্ষার্থী জুনে প্রোমোশন না পায়, তাকে সামার স্কুল করার জন্য সুপারিশ করা হয়। সামার স্কুলের শেষে, স্কুল শিক্ষার্থীর কাজ আরেক বার পর্যালোচনা করে, এবং প্রিন্সিপ্যাল চূড়ান্ত প্রোমোশনের সিদ্ধান্ত নেন।

কোন্ শিক্ষার্থী প্রোমোশনের পোর্টফোলিও তৈরি শেষ করবে সেটি স্কুলগুলো কীভাবে নির্ধারণ করে?

যেসকল শিক্ষার্থীর কাজ দেখে বোঝা যায় তারা পরবর্তী গ্রেডের জন্য এখনও প্রস্তুত নয় স্কুল তাদের পোর্টফোলিও তৈরি করে। এর ভিত্তি হতে পারে রিপোর্ট কার্ডের নম্বর, শিক্ষার্থীর লেখার নমুনা, প্রজেক্ট মূল্যায়ন, অ্যাসাইনমেন্ট, এবং স্কুল কর্তৃক নির্বাচিত অন্যান্য কাজ। কোন্ শিক্ষার্থীরা পোর্টফোলিও সম্পূর্ণ করবে সেটি নির্ধারণে স্কুলগুলো বিভিন্ন বিষয় বিবেচনার মধ্যে স্টেট পরীক্ষার ফলাফলও ব্যবহার করতে পারে, কিন্তু সেগুলি শুধুমাত্র বিবেচনার বিষয় হবে না।

স্কুল ঐসব শিক্ষার্থীর পোর্টফোলিও তৈরি করে না যাদের স্কুল বছরব্যাপী কাজের ভিত্তিতে দেখা গেছে যে, তারা ইংরেজি এবং গণিতে যথেষ্ঠ অগ্রগতি লাভ করেছে। প্রিন্সিপ্যাল এইসব শিক্ষার্থীদের জুনে প্রোমোশন দেন।

প্রোমোশন পোর্টফোলিও বলতে কী বোঝায়?

ডিওই-র প্রোমোশনের পোর্টফোলিওর মধ্যে থাকে মানভিত্তিক মূল্যায়ন এবং ক্লাসের কাজ। পোর্টফোলিওর মূল্যায়নের অন্তর্ভুক্ত কমন কোর শিক্ষণ মান সমন্বিত মূল্যায়ন এবং শিক্ষার্থীরা ইংরেজি ভাষা শৈলী এবং গণিতে পরবর্তী গ্রেডের কাজের জন্য প্রস্তুত কিনা সেটি নির্ধারণে অভিনিবেশ।

- ইংরেজি ভাষা শৈলীর পোর্টফোলিও মধ্যে আছে রিডিংয়ের শুদ্ধতা এবং রিডিং বোঝার উপর রাইটিংয়ের নমুনা এবং মূল্যায়ন।
- গণিতের পোর্টফোলিও-র মধ্যে থাকে একের-জন্য-একজন এবং স্বাধীন গণিত মূল্যায়ন এবং ক্লাসের কাজ যার অভিনিবেশ গ্রেড স্তরের প্রধান কাজ।

যদি কোন শিক্ষার্থী স্টেটের পরীক্ষা(গুলো)-তে নিঁচু স্কোর করে, তাকে কি অবশ্যই পোর্টফোলিও সম্পূর্ণ করতে হবে?

না, তা আবশ্যিক নয়। কোন্ শিক্ষার্থীরা প্রোমোশনের পোর্টফোলিও সম্পূর্ণ করবে সেটি নির্ধারণে স্কুলগুলো বহু বিবেচনার একটি হিশেবে স্টেটের পরীক্ষার ফলাফল ব্যবহার করতে পারে। সহায়তা লাভের পরেও যদি কোন শিক্ষার্থীর কাজ থেকে প্রমাণিত হয়ে যে, সে পরবর্তী গ্রেডের জন্য প্রস্তুত নয়, সেক্ষেত্রে শিক্ষক শিক্ষার্থী ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস এবং গণিতে যথেষ্ঠ অগ্রগতি করেছে কিনা সেটি নির্ধারণের জন্য একটি প্রোমোশনাল পোর্টফোলিও সম্পূর্ণ করেন।

সামার স্কুলের সময় কীভাবে ব্যবহৃত হয়?

পরবর্তী গ্রেড স্তরের জন্য প্রয়োজনীয় দক্ষতা এবং জ্ঞান অর্জনে শিক্ষার্থীদের যাতে সহায়তা করা যায় সেই উদ্দেশ্যেই সামার স্কুলগুলি সমৃদ্ধ শিক্ষণ অভিজ্ঞতা প্রদান করে। ডিওই পরীক্ষা বাদ দিয়েছে যা সামার স্কুলের শেষ দুদিন গ্রহণ করবেন। এর পরিবর্তে, গ্রীষ্মের শেষে, স্কুল শিক্ষার্থীদের সামার স্কুলের কাজ ও মূল্যায়নের পাশাপাশি তাদের পোর্টফোলিও আরেকবার পর্যালোচনা করতে হবে। প্রোমোশন পাওয়ার জন্য শিক্ষার্থীদের অবশ্যই প্রোমোশনের শর্তাবলি পূরণ করতে হবে।

সামার স্কুল শিক্ষার্থীদেরকে অগাস্ট মাসে প্রোমোশনের সিদ্ধান্তগ্রহণে তাদের পোর্টফোলিওর সঙ্গে যোগ করার জন্য বাড়তি কাজ করার সুযোগ দেয়। আপনার সন্তান যদি সামার স্কুল করতে না পারে, তারপরেও আপনি অগাস্ট মাসের শেষে প্রিন্সিপ্যালের কাছে আপিল করতে পারেন। প্রিন্সিপ্যালের সিদ্ধান্ত সুপারিনটেনডেন্ট পর্যালোচনা করে চূড়ান্ত সিদ্ধান্ত নেন। সামার স্কুল না করলে সুপারিনটেনডেন্ট-এর পর্যালোচনা করার আগে শিক্ষার্থীর পোর্টফোলিওর সঙ্গে কিছু যোগ করার সুযোগ সীমিত হয়ে যাবে।

আমার সন্তানের চূড়ান্ত প্রোমোশনের সিদ্ধান্তে যদি আমি সন্তুষ্ট না হই, সেক্ষেত্রে আমি কী করতে পারি?

প্রোমোশনের সিদ্ধান্তে আপনি যদি সন্তুষ্ট না হন, তাহলে অগাস্টের শেষে আপনার সন্তানের প্রিন্সিপ্যালের কাছে আপনি একটি লিখিত আপিল আবেদন জমা দিতে পারেন। সুপারিনটেনডেন্ট, যিনি চূড়ান্ত সিদ্ধান্ত নেন তিনি আপনার আবেদন পর্যালোচনা করবেন।

আরও তথ্যের জন্য: 311 নম্বরে ফোন করুন অথবা দেখুন http://schools.nyc.gov/ParentsFamilies

Updated February 12, 2015. এই নথি চ্যান্সেলরের প্রবিধান A-501কেএর সংক্ষিপ্তসার প্রদান করে।